কোয়ান্টাম ফাউন্ডেশন
**Quantum Foundation**
সেবা উত্তম ইবাদত

# ২০তম বার্ষিক কোয়ান্টায়নে খতমে কোরআন

## এবারের রমজান হোক আসক্তিমুক্ত, জীবনের শ্রেষ্ঠ রমজান!

কোয়ান্টাম পরিবারের প্রিয় সদস্য,
আসসালামু আলাইকুম।

আপনি জানেন, মানবজাতির আলোকিত জীবনের দিক-নির্দেশনা আল কোরআন নাজিল হয় এ রমজানে। এই মহাগ্রন্থের দিক-নির্দেশনার আলোকে জীবনকে সঠিক পথে পরিচালিত করার জন্যে প্রয়োজন কোরআনের মর্মার্থ অনুধাবন। আর ধ্যানের স্তরে আত্মনিমগ্ন অবস্থায় অর্থসহ শোনার মাধ্যমেই কোরআনের মর্মার্থ অনুধাবন করা সহজ।

এ লক্ষ্যে কোয়ান্টামের এক অনন্য আয়োজন কোয়ান্টায়নে খতমে কোরআন। একটানা সাত দিনে প্রতিদিন সাড়ে সাত ঘণ্টা করে মোট ৫২ ঘণ্টায় মৌনতা ও ধ্যানের স্তরে তরজমাসহ কোরআন তেলাওয়াত শোনার মাধ্যমে সম্পন্ন হয় এই কোয়ান্টায়নে খতমে কোরআন। কোরআনের ধ্যান কোরআনকে জানার সাথে সাথে মানার আকুতি যেমন বাড়াবে, তেমনি বাড়াবে আপনার সওয়াব।

নবীজী (স) বলেছেন, এক ঘণ্টার ধ্যান ৭০ বছরের নফল ইবাদতের চেয়ে উত্তম। আর রমজান মাসে যে-কোনো ইবাদতের সওয়াব হয় কমপক্ষে ৭০ গুণ বেশি। আবার জামায়াতে বা যৌথভাবে কোনো ইবাদত করলে তার সওয়াব বাড়ে আরো ৭০ গুণ। তাছাড়া কোরআন শিক্ষা যেহেতু ফরজ, তাই ফরজ কাজের সওয়াব নফলের ৭০ গুণ। এ হিসেবে যৌথভাবে ৫২ ঘণ্টার কোরআন-ধ্যান কমপক্ষে–(৫২ ঘণ্টা x ৭০ বছর x ৭০ x ৭০ x ৭০) = ১২৪ কোটি ৮৫ লক্ষ ২০ হাজার বছর নফল ইবাদতের চেয়ে উত্তম।

### ঢাকায় কোয়ান্টায়নে খতমে কোরআনের সময়সূচি

**তারিখ** : ১৮–২৪ মে, ২০১৮ সময় : প্রতিদিন সকাল ৯:০০–বিকেল ৫:৪৫
**স্থান** : কোয়ান্টাম মেডিটেশন হল (কাকরাইল), বনশ্রী, শাহবাগ, যাত্রাবাড়ী, মিরপুর, মতিঝিল, ধানমণ্ডি, সবুজবাগ, মগবাজার, উত্তরা, হাতিরপুল, লালবাগ, বংশাল, মোহাম্মদপুর, মহাখালী, বনানী, নিকেতন, গাজীপুর ও নারায়ণগঞ্জ

alquran.org.bd

### অংশগ্রহণ অনুদান

আখেরি দোয়াসহ : ৫০০ টাকা ও (শিক্ষার্থী) ৩০০ টাকা
শুধু আখেরি দোয়ার জন্যে : ৩০০ টাকা ও (শিক্ষার্থী) ২০০ টাকা




### আখেরি দোয়া

**আইডিইবি মিলনায়তন,** কাকরাইল, ঢাকা
**সময় :** সকাল ৯টা থেকে ইফতার পর্যন্ত
***কোয়ান্টাম গ্রাজুয়েটদের জন্যে :*** ১ জুন (শুক্রবার), ২০১৮
***শুধু কোয়ান্টাম প্রো-মাস্টারদের জন্যে :*** ২ জুন (শনিবার), ২০১৮

## রমজানে বিশেষ আমল ॥ আল কোরআন বাংলা মর্মবাণী পাঠ করুন, বিতরণ করুন

কোয়ান্টাম প্রকাশিত কোরআনের সংকলন :

- মূল আরবিসহ আল কোরআন ও বাংলা মর্মবাণী
- আল কোরআন বাংলা মর্মবাণীর পেপারব্যাক সংস্করণ
- আল কোরআন বাংলা মর্মবাণী (বোর্ড বাঁধাই)
- আমপারা ও সপ্ত সূরা

কোরআনের মর্মার্থ মাতৃভাষায় অনুধাবন করতে *বাংলা মর্মবাণী* প্রতিদিন পাঠ করুন। আন্তরিকভাবে নিমগ্ন হোন, বার বার পড়ুন। সেইসাথে এ রমজানে কমপক্ষে ৪০ জনের কাছে পৌঁছে দিন এ মর্মবাণী। alquran.org.bd থেকে মর্মবাণীর ফ্রি মোবাইল অ্যাপ ডাউনলোড করুন। গুরুজীর কণ্ঠে মর্মবাণীর অডিও ট্র্যাকগুলো সেহরির পরে শুনতে থাকুন। ফজরের নামাজ শেষেও যতক্ষণ ইচ্ছা শুনতে পারেন। যত বেশি সম্ভব শেয়ার করুন বন্ধুবান্ধব ও পরিচিতদের সাথে। এ রমজানে এটি হবে সর্বাধিক সওয়াবের।

## হে মানুষ শোনো! অডিও শুনুন ও শেয়ার করুন

গুরুজীর কণ্ঠে পবিত্র কোরআন ও হাদীসের কিছু মর্মবাণী সম্বলিত অডিও সংকলন *হে মানুষ শোনো!*- এর *পবিত্র আল কোরআনের দোয়া* ট্র্যাকটি প্রতিদিন মাগরিবের আজানের আগে পরিবারের সবাইকে নিয়ে মনোযোগ দিয়ে শুনুন। শেয়ার করুন বন্ধুবান্ধব ও পরিচিতজনদের সাথে।

url.qm.org.bd/dl/hms

## নিজের ও পরিচিতদের যাকাত কোয়ান্টাম যাকাত ফান্ডে জমা দিন

নিয়মিত যাকাত আদায় যেমন ফরজ, তেমনি সঙ্ঘবদ্ধভাবে যাকাত আদায় করা অত্যন্ত জরুরি। এ লক্ষ্যকে সামনে রেখেই ফাউন্ডেশন ১৯৯৬ সালে কোয়ান্টাম যাকাত ফান্ড গঠন করে। দুস্থ ও বঞ্চিতদের পুনর্বাসনের জন্যে আপনি আপনার নিজের ও পরিচিতদের যাকাতের অর্থ কোয়ান্টাম যাকাত ফান্ডে প্রদান করুন। রুপার বর্তমান বাজারমূল্য হিসাবে ৪৫ হাজার টাকা থাকলে যাকাত ফরজ হয়। ২০১৭ সালে এ ফান্ডে সংগৃহীত হয় ১১,২৬,৬১,৮৯৬ টাকা। এ অর্থ পুরোপুরি শরিয়ত নির্ধারিত খাতে ব্যয় হয়। যাকাত সম্পর্কে আরো জানতে ফাউন্ডেশন প্রকাশিত যাকাতের ব্রোশিওর সংগ্রহে রাখুন। নিজে দেখুন ও বিতরণ করুন ফাউন্ডেশন প্রকাশিত ডকুমেন্টারি *যাকাত দিলে সম্পদ বাড়ে*।

## রমজানে সদকা হিলিংয়ে নাম দিন

রোগ-ব্যাধি, বালা-মুসিবত থেকে মুক্তি ও জীবনে প্রশান্তি সাফল্য প্রাচুর্যের জন্যে রমজানের বিশেষ সদকা হিলিংয়ে নাম দিন। নিজের ও পরিবারের সদস্যদের জন্যে দোয়ায় নাম দেয়ার পাশাপাশি আত্মীয়-বন্ধু-পরিচিতদের উদ্বুদ্ধ করুন।

রমজানে প্রতিদিন হিলিংয়ে অংশ নিন

## রমজান মাসে রক্তদান করুন

রোজা রেখেও রক্ত দেয়া যায়; এতে রোজার কোনো ক্ষতি হয় না। তাই রক্তদানের চার মাস পার হয়ে গিয়ে থাকলে রমজানে রক্তদানের মাধ্যমে আপনি কমপক্ষে ৭০ গুণ বেশি সওয়াবের অধিকারী হতে পারেন।

## একজন এতিমের দায়িত্ব নিন

বান্দরবানের লামায় বঞ্চিত এতিম শিশুদের আলোকিত মানুষরূপে গড়ে তুলছে কোয়ান্টাম কসমো স্কুল এন্ড কলেজ, শিশুকানন ও শিশুসদন। বর্তমানে ছেলে ও মেয়েসহ প্রায় ১৫ শতাধিক শিশু শিক্ষা চিকিৎসা খেলাধুলাসহ সব ধরনের সুযোগ নিয়ে বেড়ে উঠছে। একজন এতিমের পেছনে মাসিক গড় ব্যয় ৭,৩৬১ টাকা। যে ব্যক্তি এতিমের মাথায় হাত রাখেন, স্রষ্টার হাত থাকে তার মাথার ওপরে। তাই এ রমজান মাস থেকেই প্রতিমাসে ৭,৩৬১ বা ৮,০০০ টাকা দান করার মধ্য দিয়ে অন্তত একজন এতিমের দায়িত্ব নিন। এটা প্রতি মাসেও দিতে পারেন, আবার পুরো বছরের জন্যে ৯৬,০০০ টাকা একত্রে দিতে পারেন। কারণ রমজানে এর বরকত ৭০ গুণ বেড়ে যাবে। এ-ক্ষেত্রে ডোনেট অ্যান্ড্রয়েড অ্যাপের মাধ্যমেও দান করতে পারেন সহজে।

donate.quantummethod.org.bd

## ভার্চুয়াল ভাইরাস মুক্ত থাকুন

ফেসবুক, টুইটার, স্ন্যাপচ্যাট, ইনস্টাগ্রাম, সেলফি, ইউটিউব, ভার্চুয়াল গেম, অনলাইন শপিং, স্মার্ট টিভি, ইন্টারনেট ও স্মার্টফোন আসক্তি মাদকাসক্তির চেয়েও মারাত্মক, যা ধ্বংস করে দিচ্ছে ব্যক্তি পরিবার সমাজ এমনকি জাতিকেও। তাই সব ধরনের ভার্চুয়াল ভাইরাসের আগ্রাসন থেকে নিজে পুরোপুরি মুক্ত থাকুন এবং পরিবার-আত্মীয়-বন্ধুকে সচেতন করে তুলুন। বিস্তারিত জানতে ভিজিট করুন virtualvirus.quantummethod.org.bd

## পবিত্র রমজান উপলক্ষে বিশেষ সাইট

পবিত্র রমজানের বিশেষ দিক-নির্দেশনা, পালনীয়-বর্জনীয়, আমল ও কোয়ান্টামের কার্যক্রম সম্পর্কে জানতে নিয়মিত ভিজিট করুন ramadan.quantummethod.org.bd

ramadan.quantummethod.org.bd

আপনাদের সদা কল্যাণকামী

নাহার আল বোখারী
*মহাপরিচালক*


## কোয়ান্টাম ফাউন্ডেশন

**কেন্দ্রীয় দফতর :** ৩১/ভি শিল্পাচার্য জয়নুল আবেদিন সড়ক, শান্তিনগর, ঢাকা-১২১৭। **ফোন :** ০৯৬১৩-০০২০২৫, ৯৩৪১৪৪১, ০১৭১৪-৯৭৪৩৩৩
**কাকরাইল :** ১/১ পায়োনিয়ার রোড, সেগুনবাগিচা, কাকরাইল, ঢাকা-১০০০। **ফোন :** ৯৩৫৫৭৫৬, ০১৭১১-৬৭১৮৫৮
**Website :** quantummethod.org.bd **E-mail :** info@quantummethod.org.bd